

শেখ হাসিনার নেতৃত্বে দেশ চলছে বলেই ক্রীড়াঙ্গনে জাগরণ ঘটেছে-নৌপরিবহন প্রতিমন্ত্রী

বোচাগঞ্জ (দিনাজপুর) ১৫ নভেম্বর ২০২২

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে মুক্তিযুদ্ধের চেতনা নিয়ে আজ দেশ পরিচালিত হচ্ছে বলেই আজ ক্রীড়াঙ্গন, শিল্পকলা, শিক্ষাঙ্গনসহ সব জায়গায় একটা জাগরণ ঘটেছে। আজ গ্রাম বাংলায় ফুটবল শুধু নয়, ক্রিকেট, এ্যাথলেটিক, ভলিবল, কাবাডি, ব্যাডমিন্টন, টেনিসসহ সবধরনের কার্যক্রম আমরা দেখতে পাচ্ছি। বাংলাদেশের প্রত্যেকটি খেলার মাঠ আজ মুখরিত হয়ে যাচ্ছে ক্রীড়াপ্রেমীদের অংশগ্রহণের মধ্য দিয়ে।

প্রতিমন্ত্রী আজ দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলার সেতাবগঞ্জ শহীদ শেখ রাসেল মিনি স্টেডিয়ামে প্রধান অতিথি হিসেবে "৫ম মেয়র কাপ ফুটবল টুর্নামেন্ট ২০২২" উদ্বোধনকালে এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার অত্যন্ত ক্রীড়াবান্ধব। যখনই আমাদের দেশের খেলোয়াড়রা সাফল্য বয়ে আনেন তখনই আমাদের নেত্রী শেখ হাসিনা তাদের কাছে ছুটে যান। মায়ের মমতায় এবং বোনের স্নেহ দিয়ে খেলোয়াড়দের উৎসাহিত করেন। তার মমতা ও স্নেহ নিয়ে দেশের অন্যান্য অঙ্গনের মতোই ক্রীড়াঙ্গন এগিয়ে যাচ্ছে এবং যাবে বলে আমাদের বিশ্বাস। তিনি বলেন, বাংলাদেশের ক্রীড়া অঙ্গনের এই অবস্থা এইরকম ছিলনা। আজ থেকে ১৫ বছর আগে এই বোচাগঞ্জ মাঠে এইরকম খেলাধুলা হতোনা। শুধু খেলাধুলাই নয়, দেশে কোনো সাংস্কৃতিক কর্মকাণ্ডই ছিলনা। বাংলাদেশের জাতীয় পর্যায়ে, জেলা ও উপজেলা পর্যায়ের খেলাধুলা প্রায় স্থবির ছিল। বাংলাদেশের মানুষকে খেলাধুলা তথা সাংস্কৃতিক কর্মকাণ্ডে উৎসাহ দেয়া হতো না। তখন বাংলাদেশে আমরা দেখেছি জঙ্গিবাদ ও সন্ত্রাসের রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা। শায়খ আব্দুর রহমান ও বাংলা ভাইকে যুব সমাজের সঙ্গে পরিচয় করিয়ে দেয়া হয়েছিলো। হাওয়া ভবন তৈরি করে বাংলাদেশে লুটপাট ও দুর্নীতির সমাজ ব্যবস্থা গড়ে তোলা হয়েছিল। যুবকদের হাতে ইয়াবা তথা মাদক তুলে দিয়ে বিপদগামী করা হয়েছিল।

খালিদ মাহমুদ চৌধুরী বলেন, আজ সেতাবগঞ্জের এই মাঠে পঞ্চমবারের মতো মেয়র কাপ অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ ধারাবাহিকতা অব্যাহত থাকবে। বোচাগঞ্জ ক্রীড়া সংস্থার উদ্যোগে অনেকগুলো প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। ভবিষ্যতে আরও হবে। বাংলাদেশ ক্রিকেট বোর্ডেও সহায়তায় ক্রিকেট প্র্যাকটিস করার জন্য এবং ক্রিকেট প্রেয়ার তৈরি করার জন্য আমরা ইতোমধ্যে অবকাঠামো নির্মাণ করেছে। বর্তমান সরকারের সময় এই মাঠটি যেন সুন্দর থাকে, নিরাপদ থাকে সেজন্য মাঠের চারদিকে বেস্টনি দিয়েছি। এই মাঠ আর কখনোই গোচারণভূমি হবেনা। এই মাঠ খেলোয়াড়দের দ্বারা সব সময় মুখরিত থাকবে। গত চৌদ্দ বছরে আমরা বিভিন্ন টুর্নামেন্ট এখানে করেছে। শুধু ফুটবল নয়, ক্রিকেট, ভলিবল, ব্যাডমিন্টন খেলা এখানে হয়েছে। এরমধ্য দিয়ে ইতোমধ্যে আমাদের অনেক ক্রীড়াবিদ ও ক্রীড়াসংগঠক তৈরি হয়েছে। তাদের দ্বারাই বোচাগঞ্জ উপজেলার ক্রীড়াঙ্গন এগিয়ে যাবে বলে আমি বিশ্বাস করি। এসময় তিনি এই খেলার পৃষ্ঠপোষকতার জন্য স্থানীয় মেয়রসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

এবারের মেয়র টুর্নামেন্ট এমন একটা সময় উদ্বোধন হতে যাচ্ছে যার চারদিন পরেই সমগ্র পৃথিবী ফুটবল বিশ্বকাপের আনন্দে মেতে উঠবে। আমার মনে হয় এই মেয়র কাপ অত্যন্ত আকর্ষণীয় হবে এবং আনন্দঘন পরিবেশে শেষ হবে। এজন্য বোচাগঞ্জ আপামর জনসাধারণের সহায়তা চান তিনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বোচাগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ছন্দা পাল, বোচাগঞ্জ উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু সৈয়দ হোসেন, সাধারণ সম্পাদক মো. আফছার আলী, টুর্নামেন্ট পরিচালনা কমিটির আহবায়ক নূরুল আনোয়ার চৌধুরী ও বোচাগঞ্জ উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি মো. আবদুস সবুর। সভাপতিত্ব করেন সেতাবগঞ্জ পৌর মেয়র মো. আসলাম।

প্রতিমন্ত্রী এর আগে একই স্থানে বোচাগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে ক্রীড়া সামগ্রী বিতরণ করেন।

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪